

ক্যান্সার গবেষণায় ভারত-মার্কিন জোট

এই সময়: ক্যান্সার গবেষণা আরও উন্নত করতে যৌথ ভাবে কাজ শুরু করল ভারত-আমেরিকার একাধিক প্রতিষ্ঠান। ভারতের তিনটি প্রতিষ্ঠানের সঙ্গে আমেরিকার দু'টি প্রতিষ্ঠান এর জন্য চুক্তিবদ্ধ হয়েছে। উদ্যোক্তারা জানিয়েছেন, সরোজ গুপ্তা ক্যান্সার সেন্টার, মুম্বইয়ের টাটা মেমোরিয়াল ক্যান্সার সেন্টার ও মণিপাল বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জোট বেঁধেছে আমেরিকার মেয়ো ক্লিনিক এবং কেন্টাকি মার্কে ক্যান্সার সেন্টার। গবেষকরা জানিয়েছেন, এই প্রথম দুই দেশের সরকার অনুমোদিত এবং বেসরকারি ক্যান্সার গবেষণাকেন্দ্র একযোগে কাজ শুরু করেছে। এই গবেষণায় বিশেষজ্ঞদের পাশাপাশি গবেষক পড়ুয়াদেরও কাজের সুযোগ দেওয়া হবে। সাধারণ মানুষের মধ্যে ক্যান্সার নিয়ে সচেতনতা বাড়াতে করা হবে কর্মশালা। সেখানে

দুই দেশের ক্যান্সার বিশেষজ্ঞরা থাকবেন। সরোজ গুপ্তা ক্যান্সার রিসার্চ সেন্টারের ডিরেক্টর অর্ণব গুপ্তা বলেন, 'ক্যান্সার চিকিৎসা, শিক্ষা এবং গবেষণায় প্রভূত উন্নতি হবে এর মাধ্যমে। এই লক্ষ্যেই দুই দেশের প্রতিষ্ঠানগুলি একজোট হয়েছে।' এই প্রতিষ্ঠানগুলি মূলত তিনটি বিষয়ের উপর জোর দেবে। ক্যান্সার বায়োলজি, ট্রান্সলেশনাল অঙ্কোলজি এবং ক্যান্সার এপিডেমিওলজি। ৩০ জন গবেষক একযোগে কাজ শুরু করেছেন।

গবেষক সুশান্ত রায়চৌধুরী জানাচ্ছেন, আমেরিকা এবং ভারতের ক্যান্সার আক্রান্তদের সংখ্যায় বিস্তর ফারাক রয়েছে। জনসংখ্যা ভারতের বেশি হলেও আমেরিকায় ক্যান্সার আক্রান্তের সংখ্যা ভারতের প্রায় দ্বিগুণ। দুই দেশের যৌথ উদ্যোগে ক্যান্সার নিয়ে আরও জরুরি তথ্য সামনে আসবে বলে তিনি আশাবাদী।